

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
কল্যাণ শাখা
www.fisheries.gov.bd

তাগিদপত্র

নম্বর ৩৩.০২.০০০০.১২৮.০৫.০০১.১৮.১

তারিখ ৫ অগ্রহায়ণ ১৪২৫

১৯ নভেম্বর ২০১৮

...

বিষয়: পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর অবসর-উত্তর ছুটি, ছুটি নগদায়ন (ল্যাম্প গ্র্যান্ট) ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, পেনশন সহজীকরণ আদেশ, ২০০৯ অনুযায়ী পিআরএল শুরুর পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর অবসর-উত্তর ছুটি, ছুটি নগদায়ন (ল্যাম্প গ্র্যান্ট) ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণের বাধ্যবাধকতা রয়েছে। একইভাবে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশেও এই বাধ্যবাধকতা রয়েছে। তৎপ্রেক্ষিতে ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর অবসর-উত্তর ছুটি, ছুটি নগদায়ন (ল্যাম্প গ্র্যান্ট) ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সকল মঞ্জুরকারী কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হলো।

যে সকল ক্ষেত্রে সচিব অথবা মহাপরিচালক মহোদয় মঞ্জুরি প্রদান করবেন সে সকল ক্ষেত্রে অবসর-উত্তর ছুটি, ছুটি নগদায়ন (ল্যাম্প গ্র্যান্ট) ও পেনশন এর আবেদন পত্র পিআরএল শুরুর ৩ মাস পূর্বে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ বরাবর প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।



১৯-১১-২০১৮

(মোঃ রমজান আলী)

উপপরিচালক (প্রশাসন)

ফোন: ৯৫৬৯৩৫৫

ফ্যাক্স: ৯৫৬৭২১৭

ইমেইল: ramjandof@gmail.com

সদয় অবগতি / কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক,সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম/পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা।
- ২) প্রকল্প পরিচালক (অতিরিক্ত পরিচালক), যশোর।
- ৩) উপপরিচালক/অধ্যক্ষ/কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার.....
- ৪) জেলা মৎস্য কর্মকর্তা/আঞ্চলিক মৎস্য কর্মকর্তা
- ৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা/অধ্যক্ষ
- ৬) সচিব মহদোয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহদোয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) মহাপরিচালক মহদোয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহদোয়ের সদয়

অবগতির জন্য)।

৮) পোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (পত্র ও পিআরএল তালিকা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)